রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ১৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**শ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩/১০ আগস্ট ২০২৬

নং **৪০.০০.০০০০.০৪২.৪৭.০০১.২৪-৩২৭**—সামাজিক সংলাপের মাধ্যমে শ্রম ও শিল্প সম্পর্ক উন্নয়ন নিশ্চিতকরণ ও সুপারিশ প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন, ২০২৬-এর ধারা ৩৪৮(খ) অনুযায়ী সরকার, মালিক ও শ্রমিক প্রতিনিধি এবং অংশীজনদের সমন্বয়ে নিম্নরূপভাবে **'জাতীয় সামাজিক সংলাপ ফোরাম'** (National Social Dialogue Forum-NSDF) গঠন করা হলো:

০২। **গঠন ও রূপরেখা:**

১) সভাপতি (Chairperson): NSDF-এর প্রধান হিসেবে সরকার কর্তৃক একজন সভাপতি (Chairperson) নিয়োগ করা হবে এবং তাঁর নিয়োগের শর্তাবলি সরকার নির্ধারণ করবে;

২) সহ-সভাপতি: সরকার, মালিক এবং শ্রমিকপক্ষের একজন করে মোট ০৩ (তিন) জন সহ-সভাপতি থাকবেন;

৩) সরকার পক্ষের ৭ (সাত) জন সদস্য;

৪) মালিকপক্ষের ৭ (সাত) জন সদস্য;

৫) শ্রমিকপক্ষের ৭ (সাত) জন সদস্য;

৬) অন্যান্য ৩ (তিন) জন সদস্য, যথাক্রমে—

(ক) ০১ (এক) জন বিশেষজ্ঞ প্রতিনিধি;

(খ) ০১ (এক) জন একাডেমিয়া প্রতিনিধি;

(গ) ০১ (এক) জন খ্যাতনামা অর্থনীতিবিদ প্রতিনিধি;

৭) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ ফোরামের সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন;



**মূল্য :** টাকা ৪.০০

৮) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ এক বা একাধিক বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এবং উন্নয়ন সহযোগী সংস্থাকে পর্যবেক্ষক হিসেবে সভায় আমন্ত্রণ জানাতে পারবে;

৯) ফোরামের সদস্যদের (সভাপতি ও সহ-সভাপতিসহ) মেয়াদকাল হবে ০২(দুই) বছর;

১০) অন্যূন ১৫ (পনেরো) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হবে, যেখানে মালিক ও শ্রমিকপক্ষের কমপক্ষে ৩ (তিন) জন করে সদস্য উপস্থিত থাকতে হবে;

১১) ফোরামের নিয়মিত সভা ত্রৈমাসিক ভিত্তিতে ০৩ (তিন) মাস পরপর অনুষ্ঠিত হবে; এবং

১২) কোনো সদস্য পূর্ব অবহিতকরণ বা গ্রহণযোগ্য কারণ ব্যতীত পরপর/পর্যায়ক্রমে ০৩ (তিন) টি সভায় অনুপস্থিত থাকলে, সরকার সংশ্লিষ্ট পক্ষের সঙ্গে পরামর্শক্রমে তাঁর সদস্যপদ বাতিল করতে পারবে।

০৩। **কর্মপরিধি (Terms of Reference-ToR):**

১) সরকার, জাতীয় ত্রিপক্ষীয় পরামর্শক পরিষদ (NTCC) এবং অন্যান্য ত্রিপক্ষীয় ব্যবস্থার জন্য শ্রম সম্পর্ক ও নীতিমালা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান;

২) কর্মজগত (world of work)-সম্পর্কিত নীতি, কৌশল, চুক্তি এবং আইন প্রণয়নের বিষয়ে সরকার, সামাজিক অংশীদার এবং ত্রিপক্ষীয় ব্যবস্থাকে শক্তিশালীকরণ;

৩) জাতীয়, খাতভিত্তিক, প্রতিষ্ঠানভিত্তিক এবং বিষয়ভিত্তিক পর্যায়ে নিয়মিত উচ্চপর্যায়ের অন্তর্ভুক্তিমূলক সংলাপের আয়োজন করা;

৪) প্রাসঙ্গিক তথ্যাদি, গবেষণা, প্রযুক্তিগত দক্ষতা, জ্ঞান অন্বেষণ ও বিনিময়ের মাধ্যমে বস্তুনিষ্ঠ সংলাপের আয়োজন করা;

৫) সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে পারস্পরিক আস্থা বৃদ্ধি, মতপার্থক্য দূরীকরণ এবং সংলাপ ও অংশীদারিত্বের সংস্কৃতি জোরদার করা;

৬) সমসাময়িক বিষয়ে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে নেটওয়ার্কিং, সহযোগিতা এবং অভিজ্ঞতা ও দক্ষতা বিনিময় করা;

৭) ফোরামের প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত ফলো-আপ করা;

৮) জাতীয় ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (NTCC), খাতভিত্তিক ত্রিপক্ষীয় সংস্থা/ফোরাম এবং অন্যান্য ত্রিপক্ষীয় সামাজিক সংলাপ প্রতিষ্ঠান (TSDIs)-এর সঙ্গে সমন্বয় সাধন করা;

৯) জাতীয় ও খাতভিত্তিক সামাজিক সংলাপের সংস্কৃতি অনুশীলনে সহায়ক পরিবেশ সৃষ্টি করা;

১০) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অংশীজনদের মতামতের ভিত্তিতে ফোরাম কর্তৃক গৃহীত সুপারিশসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা; এবং

১১) আন্তর্জাতিক শ্রম সম্মেলনের সাথে সমন্বয় করে নিয়মিত **"বার্ষিক বাংলাদেশ শ্রম সম্মেলন"** (Annual Bangladesh Labour Conference) আয়োজনে মন্ত্রণালয়কে সহযোগিতা করা।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান তরফদার**

সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd